তারিখ 09 APR 2016
পৃষ্ঠা ১৫ কলাম ৬

দৈনিক জনকণ্ঠ

# চুয়েট প্রশাসন দ্বিমুখী চাপে

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ।** আন্দোলনকারী শিক্ষার্থী ও শিক্ষকদের পৃথক দাবিতে দ্বিমুখী চাপে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন। আন্দোলনকারী শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় ছাত্র কল্যাণ পরিষদের পরিচালক আশুতোষ সাহার পদত্যাগ দাবিতে আন্দোলনে অটল রয়েছে। অন্যদিকে শিক্ষার্থীদের এ দাবি মেনে নিলে ক্লাস ও পরীক্ষা বর্জন করার ঘোষণা দিয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। অপরদিকে শিক্ষার্থীদের আন্দোলনের মুখে বিশ্ববিদ্যালয় প্রশাসন স্নাতক পর্যায়ের সকল ক্লাস-পরীক্ষা স্থগিত করে দিয়েছে। পাশাপাশি বৃহস্পতিবার বিকেল ৩টার মধ্যে ছাত্রদের এবং শুক্রবার সকাল ১০টার মধ্যে ছাত্রীদের হল ত্যাগ করার নির্দেশ দেয়া হয়েছে। প্রশাসনের নির্দেশের পর ইতোমধ্যে হল ছেড়ে গেছে শিক্ষার্থীরা।

শিক্ষকরা জানিয়েছেন, পরিচালকের পদত্যাগের দাবি অযৌক্তিক। সড়ক দুর্ঘটনায় শিক্ষার্থী নিহত হওয়ার ঘটনায় তারা আন্দোলন চালিয়ে যাচ্ছে। ওই ঘটনার সঙ্গে ছাত্র কল্যাণ পরিষদের পরিচালকের কোন সম্পৃক্ততা নেই। আন্দোলনকারীদের সঙ্গে খারাপ আচরণের অভিযোগ ভিত্তিহীন। তাই শিক্ষার্থীদের এ অযৌক্তিক দাবি মেনে নেয়া যাবে না। প্রশাসন শিক্ষার্থীদের দাবি মেনে নিলে শিক্ষকরা ক্লাস ও পরীক্ষা বর্জন করার ঘোষণা দেন। বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম বলেন, আমরা উভয় সঙ্কটে আছি। সড়ক দুর্ঘটনায় স্থাপত্যবিদ্যা বিভাগের ছাত্র নিহতের ঘটনায় শিক্ষার্থীরা আট দফা দাবিতে আন্দোলন করে।